

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০১৫.২৬. ১১০

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৬ জুন ২০২৬

বিষয়: জনাব মোঃ মোখলেছুর রহমান, ইউনিয়ন সমাজকর্মী (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, বারহাট্টা, নেত্রকোণা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নং ০৬/২০২৬ তারিখ ০৬/০৬/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ মোখলেছুর রহমান, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, বারহাট্টা, নেত্রকোণা এর বিরুদ্ধে আপনার দায়িত্বপ্রাপ্ত পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এবং দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের হিসাব নিরীক্ষার জন্য জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণার ০৫/১১/২০২৫ তারিখ ৪১.০১.৭২০০.০০২.১৬.০০০৪.২৩.৭৭৩ সংখ্যক স্মারক যোগে সহকারি পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণাকে আহ্বায়ক করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট নিরীক্ষা কমিটি গঠন করা হয়;

যেহেতু, নিরীক্ষা কমিটি ০২/১২/২০২৫ তারিখ ৪১.০১.৭২০০.০০০.০০২.১৬.০০০১.২৫.৮৫৮ সংখ্যক স্মারক মূলে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করেন। নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখ করেছেন, পল্লী সমাজসেবা কার্যক্রম খাতের ১২,২০,৫৫৫/- (বার লক্ষ বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম খাতের ৫,৫০,৮৭০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার আটশত সত্তোর) টাকা এবং দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১৮,২৭০/- (আঠার হাজার দুইশত সত্তোর) টাকাসহ সর্বমোট ১৭,৮৯,৬৯৫/- (সতেরো লক্ষ উননব্বই হাজার ছয়শত পঁচানব্বই) টাকা আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগের সত্যতা প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা ১২/০৪/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০৪২.০১.০০১৩.২৬.১২৮ সংখ্যক ইউ.ও.নোট মূলে অনুরোধ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ১২/০৫/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০১৫.২৬.৮৭ সংখ্যক অফিস আদেশ যোগে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে;

যেহেতু, উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভুক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ মোখলেছুর রহমান কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

০৪.০৬.২৬

(মোঃ সাইফুল ইসলাম)

উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)

০২-৫৫০০৭০২২

ইমেইল: director-admin@dss.gov.bd


জনাব মোঃ মোখলেছুর রহমান
ইউনিয়ন সমাজকর্মী (সাময়িক বরখাস্ত)
উপজেলা সমাজসেবা কার্যালয়
বারহাট্টা, নেত্রকোণা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০১৫.২৬. ১১১ (১৮)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৫ জুন ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, কে সি রায় রোড, কাচিরঝুলি, ময়মনসিংহ।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণা।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, বারহাট্টা, নেত্রকোণা।
৯. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, বারহাট্টা, নেত্রকোণা।


(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০



অভিযোগ বিবরণী

জনাব মোঃ মোখলেছুর রহমান, ইউনিয়ন সমাজকর্মী (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, বারহাট্টা, নেত্রকোণা এর বিরুদ্ধে পল্লী সমাজসেবা কার্যক্রম খাতের ১২,২০,৫৫৫/- (বার লক্ষ বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম খাতের ৫,৫০,৮৭০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার আটশত সত্তোর) টাকা এবং দক্ষ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১৮,২৭০/- (আঠার হাজার দুইশত সত্তোর) টাকাসহ সর্বমোট ১৭,৮৯,৬৯৫/- (সতেরো লক্ষ উননব্বই হাজার ছয়শত পঁচানব্বই) টাকা আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগের সত্যতা প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

তার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভুক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।



(মোঃ সাইফুল ইসলাম)

উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)

